এসএমসি একটি ত্রৈমাসিক প্রকাশনা
বিশেষ সংখ্যা
নিউজলেটার
সংখ্যা: ৫২ (জানুয়ারী - মার্চ ২০২৫)

SMC এসএমসি উন্নত জীবন

এই সংখ্যায় রয়েছে

- এসএমসি'র গৌরবময় ৫০ বছর পূর্তি উৎসব
- বর্ষপূর্তির বর্ণিল লোগো উন্মোচন
- থিম-সং প্রকাশ
- ৫০তম বার্ষিকীর মূল ভিজ্যুয়াল প্রদর্শন
- এসএমসি'র ৫০তম বার্ষিকীর ক্যারাভান
- মিট দ্য প্রেস
- এসএমসি'র গৌরবগাথা তুলে ধরতে বিশেষ ক্রোড়পত্র
- এসএমসি'র ক্রমবিকাশ ও মাইলফলক স্মরণে প্রকাশিত কফি টেবিল বুক
- উৎসবমুখর অফিস সাজসজ্জায় ৫০তম বার্ষিকী উদযাপন
- টিভিসি'র মাধ্যমে এসএমসি'র ৫০ বছরের যাত্রা উপস্থাপন
- গণমাধ্যমে প্রচার
- গ্র্যান্ড গালা অনুষ্ঠান
- অনলাইন কুইজ প্রতিযোগিতা

এসএমসি'র গৌরবময় ৫০ বছর পূর্তি উৎসব

সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি) বাংলাদেশে, জনস্বাস্থ্যের উন্নয়নে, পাঁচ দশকের অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ গৌরবময় ৫০ বছর পূর্তি উদযাপন করেছে। এই সুবর্ণ জয়ন্তী উদযাপনের মুল উদ্দেশ্য ছিল দেশের মানুষের স্বাস্থ্য ও কল্যাণে এসএমসি'র গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরা, জনগণের জীবনমান উন্নয়ন এবং ভবিষ্যতে প্রবৃদ্ধির জন্য এর ব্র্যান্ড পরিচিতিকে আরও শক্তিশালী করা। কোম্পানীর সকল কর্মী ও নেটওয়ার্ক সেবাদানকারীদের উদ্দীপ্ত ও অনুপ্রাণিত করা, ভোক্তাদের আস্থা বৃদ্ধি করা এবং সরকার, উন্নয়ন সহযোগী ও বেসরকারি খাতের সঙ্গে অংশীদারিত্ব জোরদার করার পাশাপাশি প্রতিষ্ঠানটির ইতিবাচক ভাবমূর্তি গড়ে তোলার জন্য এই উৎসব পালন করা হয়।

এসএমসি এ উপলক্ষে বিভিন্ন আয়োজন ও প্রচারণা কার্যক্রম পরিচালনা করে। যার মধ্যে ছিল ডিজিটাল মিডিয়া প্রচারাভিযান, বহির্বাণিজ্যিক প্রচার, বিশেষ প্রকাশনা এবং বর্ণাঢ্য সাংস্কৃতিক পরিবেশনায় সজ্জিত এক মনোমুগ্ধকর অনুষ্ঠান। এই সুবর্ণজয়ন্তী শুধু একটি উৎসব নয় বরং এটি ছিল এসএমসি'র সফল যাত্রাপথের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং ভবিষ্যতের লক্ষ্য, স্বপ্ন ও দিকনির্দেশনা উপস্থাপনের এক অনন্য সুযোগ। এসএমসি'র এই ৫০ বছর পূর্তি তার গৌরবময় ইতিহাস ও সামাজিক বিপণনের পথিকৃৎ হিসেবে কোম্পানীর অবদানকে স্মরণ করিয়ে দেয়। এই উদযাপন এসএমসি'র জন্য একটি নতুন অধ্যায়ের সূচনা, এবং একটি সুস্থ ও সমৃদ্ধ জাতি গঠনের পথে এসএমসি'র প্রতিশ্রুতির এক মাইলফলক।

বর্ষপূর্তির বর্ণিল লোগো উন্মোচন

এসএমসি তার দীর্ঘ পথচলা ও ভবিষ্যতের প্রতি অটল প্রতিশ্রুতি ও অঙ্গীকারের প্রতিক হিসেবে একটি বর্ণিল ৫০ বছর পূর্তির লোগো ও ট্যাগলাইন উন্মোচন করে। এই বিশেষ নিমোনিক (pneumonic) ডিজাইনটি ছিল বার্ষিকী উদযাপনের আনুষ্ঠানিক প্রতীক যা সকল ইভেন্ট উপকরণ, পণ্যের মোড়ক, ব্যানার এবং ডিজিটাল প্ল্যাটফর্মে ব্যবহার করা হয়েছে।

৫০ বছর পূর্তির লোগো

SMC

পঞ্চাশের উচ্ছ্বাসে একসাথে আগামীতে

এই নিমোনিক ডিজাইনটি অগ্রগতি, ঐক্য এবং জনস্বাস্থ্যের প্রতি এসএমসি'র অব্যাহত প্রতিশ্রুতির বার্তা বহন করে। এটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে এসএমসি'র কর্মী, অংশীজন এবং সাধারণ মানুষের সঙ্গে এক আবেগপুর্ণ সম্পর্ক তৈরি করতে পারে।

থিম-সং প্রকাশ

এসএমসি বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে একটি হৃদয়ছোঁয়া থিম-সং প্রকাশ করে যা গত পাঁচ দশকে বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে এর অটল প্রতিশ্রুতিকে তুলে ধরে। এই গানটি ২০২৫ সালের জানুয়ারি মাসের ২৫ তারিখে গালা অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয় এবং ২০২৫ সালের ২৮ জানুয়ারি থেকে টানা পাঁচ দিন ধরে প্রতি ঘণ্টায় রেডিও ফুর্তিতে সম্প্রচার করা হয়। গানটির হৃদয়স্পর্শী সুর ও অর্থবহ কথার মাধ্যমে উঠে এসেছে কীভাবে এসএমসি দেশের হাজারো পরিবারের জীবনে ইতিবাচক পরিবর্তন এনেছে। এই থিম-সং কোম্পানীর দীর্ঘ পথচলা, লক্ষ্য, মূল্যবোধ এবং জনস্বাস্থ্যের উন্নয়নে এর দৃঢ় ভূমিকার বার্তা স্পষ্টভাবে ফুটিয়ে তুলেছে।

৫০তম বার্ষিকীর মূল ভিজ্যুয়াল প্রদর্শন

এসএমসি'র দীর্ঘ পথচলা এবং ভবিষ্যৎ লক্ষ্যকে তুলে ধরে তিনটি প্রাণোজ্জল ও অর্থবহ ভিজ্যুয়াল ৫০তম বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে প্রদর্শিত হয়। এসব ভিজ্যুয়ালগুলো বিভিন্ন প্রচারণা উপকরণে ব্যাপকভাবে ব্যবহৃত হয়েছে যেমন ব্যানার, ব্যাকড্রপ, পোস্টার, পণ্যের প্যাকেজিং, ডিজিটাল প্রচারণা, প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকাশনা ও প্রচারণামুলক সামগ্রীগুলোতে। ক্যারাভান ট্যুর, গালা ইভেন্ট ভেন্যু এবং সারা দেশের অফিস সাজসজ্জায়ও ভিজ্যুয়ালগুলো বিশেষভাবে প্রদর্শিত হয়। এটি একটি শক্তিশালী ব্র্যান্ডিং উপকরণ হিসেবে কাজ করেছে যা দর্শকদের মনে করিয়ে দেয় এসএমসি'র দীর্ঘস্থায়ী ও গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য কার্যক্রম এবং আগামীর স্বপ্ন ও অঙ্গীকার।

এসএমসি'র ৫০তম বার্ষিকীর ক্যারাভান

৫০তম বার্ষিকী উদযাপন উপলক্ষে এসএমসি ২০২৪ সালের ডিসেম্বর মাসের ৩০ তারিখে এক বর্ণিল ক্যারাভান যাত্রার সূচনা করে। এই ক্যারাভানটি ঢাকার বিভিন্ন স্থানে ঘুরে জনসাধারণের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করে, এবং এসএমসি'র ৫০ বছরের যাত্রাপথের গল্প তুলে ধরে। রঙিন ভিজ্যুয়াল ও ৫০ বছরের লোগো দিয়ে সজ্জিত এই ক্যারাভানটি নারী, শিশু এবং পরিবারের স্বাস্থ্য ও কল্যাণে এসএমসি'র চলমান প্রতিশ্রুতির প্রতীক হয়ে ওঠে। এই ক্যারাভানে ছিল বিভিন্ন ইন্টারঅ্যাকটিভ অভিজ্ঞতা। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিল এসএমসি'র জনপ্রিয় বিজ্ঞাপনসমূহের প্রদর্শনী, মজার ধাঁধাঁ প্রতিযোগিতা, এবং দর্শনার্থীদের এসএমসি'র পণ্য ও সেবাসমূহ সম্পর্কে নিজেদের অভিজ্ঞতা বিনিময় করার সুযোগ।

মিট দ্য প্রেস

এসএমসি ২০২৫ সালের জানুয়ারি মাসের ১৫ তারিখে প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ৫০তম বার্ষিকী উদযাপন কার্যক্রমের সূচনা করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দেশের শীর্ষস্থানীয় টেলিভিশন চ্যানেল ও পত্রিকার ৪৮ জন সাংবাদিক এবং এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। সংবাদ সম্মেলনে এসএমসি'র চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি ইএল -এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ নাসির কোম্পানীর সাফল্য, অর্জন ও ভবিষ্যৎ লক্ষ্যসমূহ তুলে ধরেন। জনস্বাস্থ্য খাতে বিশেষ করে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, ওরাল রিহাইড্রেশন সল্ট (ওআরএস), এবং পুষ্টি অবস্থা উন্নয়নে এসএমসি'র নিরবচ্ছিন্ন অবদান ও অগ্রণী ভূমিকা সম্পর্কে আলোকপাত করেন।

এই সংবাদ সম্মেলনটি ব্যাপক পরিসরে ২২টি টিভি চ্যানেল, ৭টি জাতীয় পত্রিকা এবং ১২টি অনলাইন প্ল্যাটফর্মে প্রচারিত হয়। মিট দ্য প্রেস-এর মাধ্যমে জনসাধারণের মাঝে ৫০তম বার্ষিকী উদযাপন নিয়ে ব্যাপক আগ্রহ ও উদ্দীপনা তৈরি হয়, এবং দেশের জনস্বাস্থ্য খাতে এসএমসি'র নেতৃত্বকে সুদৃঢ় করতে সহায়তা করে। অনুষ্ঠানটি শেষ হয় ৫০ বছরের বিশেষ লোগো উন্মোচনের মধ্য দিয়ে।

এসএমসি'র গৌরবগাথা তুলে ধরতে বিশেষ ক্রোড়পত্র

এসএমসি'র ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকীর গালা ইভেন্ট উপলক্ষে ২০২৫ সালের জানুয়ারি মাসের ২৫ তারিখে দুটি স্বনামধন্য পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশিত হয়। ইংরেজি ক্রোড়পত্রটি প্রকাশিত হয় দৈনিক দ্য ডেইলি স্টার-এ, এবং দৈনিক প্রথম আলো-তে প্রকাশিত হয় বাংলা ক্রোড়পত্র। এই বিশেষ প্রকাশনাগুলিতে এসএমসি'র ৫০ বছরের সাফল্যমণ্ডিত যাত্রার ইতিহাস তুলে ধরার পাশাপাশি সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ও এসএমসি নেতৃবৃন্দের শুভেচ্ছাবার্তা উপস্থাপিত হয়। এই বিশেষ প্রকাশনার মূল উদ্দেশ্য ছিল দেশজুড়ে এসএমসি'র অভীষ্ঠ লক্ষ্য, দৃষ্টিভঙ্গি ও প্রতিশ্রুতির বার্তা বৃহত্তর জনগণের কাছে পৌঁছে দেয়া, এবং বাংলাদেশের জনস্বাস্থ্য খাতে কোম্পানীর দীর্ঘমেয়াদী ও অব্যাহত অবদানকে সুদৃঢ়ভাবে তুলে ধরা।

ক্রোড়পত্রগুলোতে অর্থ মন্ত্রণালয় ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের অনুপ্রেরণামূলক বার্তা, এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের চেয়ারম্যান, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালকের শুভেচ্ছাবাণী প্রকাশিত হয়। এছাড়াও ক্রোড়পত্রে এসএমসি'র প্রতিষ্ঠালগ্ন থেকে বর্তমান ক্রমবিকাশ, সাফল্য, অর্জন ও সামাজিক কল্যাণে ইতিবাচক প্রভাবের একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হয়।

এসএমসি'র ক্রমবিকাশ ও মাইলফলক স্মরণে প্রকাশিত কফি টেবিল বুক

এসএমসি, পাঁচ দশকের সেবামূলক যাত্রাকে স্মরণীয় করে রাখতে একটি আকর্ষণীয় কফি টেবিল বুক প্রকাশ করে। যেখানে প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য মাইলফলক ও অর্জনসমূহ চিত্র ও বর্ণনার মাধ্যমে উপস্থাপন করা হয়। নান্দনিক নকশা ও সৃজনশীল

উপস্থাপনায় তৈরী দৃষ্টিনন্দিত এই কফি টেবিল বুকটিতে তুলে ধরা হয়েছে কীভাবে এসএমসি একটি ক্ষুদ্র পরিবার পরিকল্পনা প্রকল্প থেকে বাংলাদেশের জনস্বাস্থ্য খাতে জাতীয় নেতৃত্বে রূপান্তরিত হয়েছে। এই বইটি শুধু একটি স্মারক নয়, বরং জনস্বাস্থ্য ও সামাজিক কল্যাণে এসএমসি'র অঙ্গীকারের একটি দলিল। এর প্রতিটি পৃষ্ঠায় রয়েছে সেইসব গল্প ও অর্জন যা এসএমসি'র পথচলাকে নির্মাণ এবং দেশের মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার ক্ষেত্রে প্রতিষ্ঠানটির লক্ষ্যকে নিশ্চিত করেছে। এই কফি টেবিল বুকটি এসএমসি'র গৌরবময় যাত্রার দলিল হিসেবে ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

উৎসবমুখর অফিস সাজসজ্জায় ৫০তম বার্ষিকী উদযাপন

এসএমসি ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দেশব্যাপী সকল অফিসকে রঙিন ও উৎসবমুখর সাজে সজ্জিত করে যা উদযাপনের আবহকে আরও উজ্জীবিত করে তোলে। এই উদ্যোগের মূল লক্ষ্য ছিল কর্মী ও আগত অতিথিদের মধ্যে একটি আনন্দঘন পরিবেশ তৈরি করা, এবং এই গুরুত্বপূর্ণ মাইলফলককে দৃশ্যমানভাবে উপস্থাপন করা। ঢাকার এসএমসি টাওয়ার ১ ও ২ থেকে শুরু করে আঞ্চলিক অফিস, এরিয়া অফিস, ক্লিনিক ও কারখানাগুলোতে ৫০ বছর পূর্তি উদযাপনের লোগো এবং মূল ভিজ্যুয়াল সম্বলিত ব্যানার, ফেস্টুন, বেলুন, এক্স-ব্যানার এবং ড্যাংগলার দিয়ে সাজানো হয়।

টিভিসি'র মাধ্যমে এসএমসি'র ৫০ বছরের যাত্রা উপস্থাপন

এসএমসি ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে দেশব্যাপী একটি মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা করে। উদ্দেশ্য ছিল অংশীজন, খুচরা বিক্রেতা, ভোক্তা ও সাধারণ জনগণের সাথে এই গৌরবময় মাইলফলক, সাফল্য এবং অর্জনের গল্প ভাগ করে নেওয়া। এই ক্যাম্পেইনের অংশ হিসেবে একটি ৬০ সেকেন্ডের টেলিভিশন বিজ্ঞাপন (টিভিসি) এবং পিকচার-ইন-পিকচার (পিআইপি) কনটেন্ট দেশের স্বনামধন্য টেলিভিশন চ্যানেলগুলোতে সম্প্রচারিত হয়। টিভিসিটি প্রচারিত হয় ১৩টি টিভি চ্যানেলে, এবং পিআইপি কনটেন্ট প্রদর্শিত হয় ৬টি চ্যানেলে। উভয় মাধ্যমেই এসএমসি'র পঞ্চাশ বছরের সুদীর্ঘ পথচলা, জনস্বাস্থ্য পণ্য বিপণন ও সেবার গল্প তুলে ধরা হয়। এই ক্যাম্পেইনের মূল লক্ষ্য ছিল এসএমসি'র পঞ্চাশ বছরের অগ্রযাত্রা ও অবদান সাধারণ মানুষের মাঝে তুলে ধরে ব্র্যান্ড সচেতনতা বৃদ্ধি করা, এবং কোম্পানীর জনস্বাস্থ্য পণ্য ও সেবার গ্রহণযোগ্যতা আরও বৃদ্ধি করা।

গণমাধ্যমে প্রচার



এসএমসি ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে ডিজিটাল ও প্রচলিত উভয় মাধ্যমেই দেশব্যাপী একটি বিস্তৃত মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা করে। ডিজিটাল ক্যাম্পেইনের অংশ হিসেবে এসএমসি গুগল ডিসপ্লে নেটওয়ার্ক (GDN)-এ বিজ্ঞাপন এবং জনপ্রিয় অনলাইন সংবাদ মাধ্যমগুলোতে ৫০তম বার্ষিকীর লোগো ও মূল ভিজ্যুয়ালসহ ওয়েলকাম ব্যানার প্রচার করে।

এছাড়া, এসএমসি ও এসএমসি ইএল-এর বোর্ডের চেয়ারম্যান, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালকের ভিডিও বার্তা ফেসবুকে প্রচার করা হয় যেখানে এসএমসি'র যাত্রা, অর্জন এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়।





প্রিন্ট মিডিয়ায় দেশের শীর্ষস্থানীয় দৈনিক পত্রিকাগুলোতে প্রেস বিজ্ঞাপন দেয়ার পাশাপাশি এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালকের বিশেষ সাক্ষাৎকার প্রকাশিত হয়। এছাড়াও টেলিভিশন চ্যানেলগুলোতে এসএমসি'র গালা অনুষ্ঠান নিয়ে বিশেষ সংবাদ প্রতিবেদন, ও

সাক্ষাৎকার সম্প্রচারিত হয়। এই বিস্তৃত মিডিয়া প্রচার এসএমসি'র মূল বার্তা ও অর্জনসমূহ বৃহৎ জনগোষ্ঠীর কাছে পৌঁছে দিতে সহায়তা করে। পাশাপাশি জনস্বাস্থ্য খাতে এসএমসি'র নেতৃত্বের ভূমিকা এবং সরকার ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে এসএমসি'র সুদৃঢ় অংশীদারিত্বকে জোরালোভাবে তুলে ধরে।

গ্র্যান্ড গালা অনুষ্ঠান

এসএমসি ২০২৫ সালের জানুয়ারী মাসের ২৫ তারিখে গৌরবময় ৫০তম বার্ষিকী উদযাপন উপলক্ষে ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করে। এই বর্ণাঢ্য সন্ধ্যায় উপস্থিত ছিলেন সম্মানিত ব্যক্তিবর্গ, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তা, দেশি-বিদেশি কূটনীতিক, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, উন্নয়ন সহযোগী, গণমাধ্যম প্রতিনিধি, এসএমসি'র বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ, আন্তর্জাতিক অংশীদার এবং এসএমসি পরিবারের সদস্যবৃন্দ। বাংলাদেশের জনস্বাস্থ্য খাতে পাঁচ দশক ধরে এসএমসি'র অসামান্য অবদানকে সম্মান জানানোই ছিল এই অনুষ্ঠানের মূল লক্ষ্য।

অনুষ্ঠানে এসএমসি'র শীর্ষ নেতৃবৃন্দ, সরকারি প্রতিনিধি এবং আন্তর্জাতিক অতিথি সহ নয়জন বিশিষ্ট বক্তা উপস্থিত দর্শকদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। তারা এসএমসি'র গত ৫০ বছরের উল্লেখযোগ্য অর্জন, সাফল্য ও অবদান তুলে ধরেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি এসএমসি'র উদ্ভাবনী কার্যক্রম, পরিবার পরিকল্পনা ও জনস্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য ভূমিকা ও অবদান এবং দেশজুড়ে স্বাস্থ্যসেবায় জনসাধারণের পাশে দাঁড়ানোর প্রতিশ্রুতির ভূয়সী প্রশংসা করেন। এছাড়াও এসএমসি'র দুই সাবেক ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের পথপরিক্রমা এবং সময়ের বিবর্তনের সাথে সাথে একটি টেকসই সামাজিক ব্যবসায়িক মডেলে রূপান্তরিত হওয়া বিষয়ে তাঁদের অভিজ্ঞতা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে এসএমসি ও এসএমসি ইএল বোর্ডের চেয়ারম্যান, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক কোম্পানীর সাফল্যে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বিশিষ্ট ব্যক্তিবর্গ, ১০ জন স্টার নেটওয়ার্ক প্রোভাইডার এবং ১৫ জন ডিস্ট্রিবিউটরকে সম্মাননা স্মারক প্রদান করেন। গালা অনুষ্ঠানে দর্শকরা উপভোগ করেন মনোমুগ্ধকর নৃত্য পরিবেশনা, ৫০ বছর পূর্তি উপলক্ষে রচিত থিয়েট্রিকাল পরিবেশনা এবং থিম-সং। পরিশেষে জনপ্রিয় ব্যান্ড দল 'দলছুট' এবং খ্যাতিনামা শিল্পী বাপ্পা মজুমদারের সঙ্গীত পরিবেশনা প্রাণবন্ত করে তোলে পুরো অনুষ্ঠান। এছাড়াও একটি কর্পোরেট প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয় যেখানে এসএমসি'র অংশীজন ও সুবিধাভোগীদের বাস্তব অভিজ্ঞতা ফুটে উঠে।

অনলাইন কুইজ প্রতিযোগিতা

এসএমসি'র ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকীকে স্বরণীয় করে রাখতে এবং গ্রাহক ও অনুসারীদের সক্রিয়ভাবে নিযুক্ত করতে এসএমসি একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি ২০২৫ সালের মার্চ মাসের ৯ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৫০ জন ভাগ্যবান বিজয়ীকে পুরুস্কৃত করা হয়। ঢাকা শহরের বাইরে অবস্থানরত বিজয়ীদের কুরিয়ারের মাধ্যমে পুরস্কার পাঠিয়ে দেয়া হয়। এই প্রতিযোগিতা এসএমসি'র সুবর্ণজয়ন্তীকে ঘিরে গ্রাহকদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করে। পাশাপাশি গ্রাহকদের আস্থা ও ভালোবাসা এবং এসএমসি'র সাথে গ্রাহকদের সম্পর্ককে আরও দৃঢ় করে তোলে। এছাড়াও এই উদ্যোগটি ৫০ বছর পূর্তি উদযাপনকে আরও অর্থবহ ও স্মরণীয় করে তোলে।

প্রধান পৃষ্ঠপোষক: তছলিম উদ্দিন খান, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা
সম্পাদনায়: মোঃ মশিউর রহমান, মহা-ব্যবস্থাপক, ফিল্ড ইমপ্লিমেন্টেশন; হোসনে আরা, ডেপুটি ম্যানেজার, কর্পোরেট কমিউনিকেশন
লে-আউট ডিজাইন: মোঃ আশফাকুল ইসলাম, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ক্রিয়েটিভ ডিজাইন, পিএম এন্ড বিসিসি
প্রকাশনায়: কর্পোরেট কমিউনিকেশন ডিপার্টমেন্ট; **কৃতজ্ঞতা স্বীকার:** এসএমসি এবং এসএমসি ইএল-এর সকল ডিভিশন
ঠিকানা: এসএমসি টাওয়ার, ৩৩ কমার্শিয়াল এরিয়া, রোড-১৭, ঢাকা-১২১৩, বাংলাদেশ; **টেলিফোন:** +৮৮ ০২ ২২২২৭৫০৭৩-৮০, +৮৮ ০২ ২২২২৭৫০৮৫-৯২; **ওয়েবসাইট:** www.smc-bd.org

SMC NEWSLETTER

A Quarterly Publication
SPECIAL EDITION

Issue: 52 (January - March 2025)

INSIDE THIS ISSUE

- Grand Celebration of the Glorious 50 Years of SMC
- Unveiling Colorful Anniversary Logo
- Theme Song Launched
- 50th Anniversary Key Visuals
- SMC's 50th Anniversary Caravan
- Meet in the Press
- Special Newspaper Supplements Published
- Coffee Table Book with SMC's Milestones
- Festive Office Decorations Sparked Celebration Spirit
- SMC Shared 50-Year Journey Through TVC
- Media Coverage
- Grand Gala Event
- Online Quiz Competition on 50th Anniversary

Grand Celebration of the Glorious 50 Years of SMC

Social Marketing Company (SMC) celebrated its 50th anniversary marking five decades of contribution to public health in Bangladesh. The celebration was designed to recognize the significant role of SMC in improving health and well-being across the country, and to strengthen its brand presence for future growth. The main focus of the celebration was to inspire and energize all employees and network providers, enhance the brand image to increase consumer trust, and deepen collaboration with Government bodies, development partners, and private organizations.

SMC organized a series of events and campaigns including digital media outreach, outdoor promotions, special publications, and a colorful gala event showcasing cultural performances to make the celebration memorable. The golden jubilee was not just a celebration but also a moment to reflect on the journey of SMC and share its vision for the future. The celebration highlighted the history of SMC and the strong foundation as a social marketing champion. SMC's 50th anniversary truly marked the beginning of a new chapter in its journey toward building a healthier nation.

Unveiling Colorful Anniversary Logo

SMC unveiled a colorful 50th Anniversary logo and tagline to symbolize its long journey and commitment to the future. This special pneumonic design served as the official symbol of the anniversary celebration and was used on all event materials, product packaging, banners, and digital platforms. The pneumonic conveyed a message "Togather in the future, in the spirit of fifty (পঞ্চাশের উচ্ছ্বাসে, একসাথে আগামীতে)." It was designed to resonate emotionally with the people and stakeholders of SMC.

SMC 50 YEARS LOGO

Theme Song Launched

As part of the anniversary celebration, SMC released a heart-touching theme song that reflected its unwavering commitment to improving health in Bangladesh over the last five decades. The song was launched during the gala event on January 25, 2025 and aired on Radio Foorti from January 28, 2025 every hour for five consecutive days. The song emphasized the role of SMC in bringing positive changes to families across the nation with a powerful melody and meaningful lyrics.

50th Anniversary Key Visuals

Three vibrant key visuals that represented the continuing journey of SMC and the future vision as part of the celebration. The key visuals were used widely across all campaign materials including banners, backdrops, posters, product packaging, digital promotions as well as multiple organizational publications and promotional materials. They were also prominently displayed during the caravan tour, at the gala event venue, and in office decorations nationwide. It served as a strong branding tool to remind the audience of the long-standing health impact and future aspirations of SMC.

SMC's 50th Anniversary Caravan

SMC launched a colorful caravan on December 30, 2024 to commemorate its 50th anniversary. The caravan traveled to various locations in Dhaka engaging with the population and sharing the journey of SMC. Decorated with vibrant visuals and the 50-years logo, the caravan became a moving symbol of the commitment of SMC to health and well-being of women, children, and families. The caravan offered interactive experiences including telecast of iconic advertisements of SMC and fun puzzle opportunities to share their experiences about the products and the services of SMC.

Meet in the Press

SMC officially launched its 50th anniversary celebrations with a press briefing held on January 15, 2025, at the Head Office. The event was attended by 48 journalists from leading television channels and newspapers, and senior officials of the Company.

During the event, Mr. Waliul Islam, Chairman of SMC, along with Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC, and Mr. Sayef Nasir, MD of SMC Enterprise Ltd. highlighted the achievements and future goals of SMC. They spoke about the unwavering support and contribution of SMC to health especially in family planning, maternal and child health, nutrition, and use of Oral Rehydration Salt (ORS) to treat child diarrhoea .

The press conference received wide media coverage being featured in 22 TV channels, 7 national newspapers, and 12 online platforms. It created public interest and enthusiasm for the anniversary celebration and helped strengthen the leadership of SMC in the public health sector in Bangladesh. The event concluded with the unveiling of the special 50-years logo.

Special Newspaper Supplements Published

SMC published two special newspaper supplements—one in English in The Daily Star and one in Bangla in Prothom Alo to mark the event on January 25, 2025. These publications highlighted the 50-years journey of the Company and showcased messages from key officials in government and SMC leadership. These supplements were designed to reach a wide audience, increase awareness of the mission and the vision of SMC, and establish the Company as a long-lasting pillar in public health sector in Bangladesh.

The supplements featured inspirational notes from the Honorable Advisers of the Ministry of Finance and Ministry of Health and Family Welfare, Chairman of SMC & SMC EL, Managing Director of SMC and Managing Director of SMC EL. A timeline of the evolution, achievements, and social impact of SMC was included in the supplements to inform and inspire readers.

Coffee Table Book with SMC's Milestones

SMC published a Coffee Table Book featuring the key milestones and achievements of the organization to commemorate five decades of social service. A beautifully designed Coffee Table Book with a blend of artwork and narrative illustrated how SMC evolved from a family planning project into a significant national contributor in public health sector. The book served as a visual record of the commitment of SMC to public health and social welfare. The Coffee Table Book is a celebration of stories and milestones that shaped the journey of SMC and reaffirms its mission to bring positive change to communities across Bangladesh.

Festive Office Decorations Sparked Celebration Spirit

SMC decorated all its offices across the country with colorful and festive branding to celebrate the 50th anniversary. The aim was to create a joyful environment and visibly mark this important milestone for both employees and visitors. From SMC Tower 1 and 2 in Dhaka to Regional offices, Area offices, Clinics, and Factories were decorated with banners, festoons, balloons, X-banners, and danglers featuring the 50-years celebration logo and key visuals.

SMC Shared 50-Years Journey Through TVC

SMC launched a nationwide media campaign to share its milestone with stakeholders, retailers, consumers, and general population as part of its 50th anniversary celebrations. The campaign included a 60-second Television Commercial (TVC) and Picture-in-Picture (PIP) content aired across major national TV channels. The TVC was broadcast on 13 television channels, while the PIP format appeared on six channels. Both formats focused on telling the story of the 50-years journey of SMC. The main goal of this campaign was to boost brand awareness by showasing SMC's legacy with its products and services.

Media Coverage

SMC launched a nationwide media campaign across both digital and traditional platforms to celebrate its 50th anniversary. As part of the digital campaign, SMC ran Google Display Network (GDN) ads and welcome banners on popular news websites featuring the anniversary logo and key visual. A series of video messages were also shared on Facebook from Chairman of SMC and SMC EL Board, the MD & CEO, SMC and the MD, SMC EL. These messages highlighted the achievements, journey and future goals of SMC.





In print media, press advertisements were published in leading newspapers with special interviews of the MD & CEO, SMC and the MD, SMC EL. Television channels also covered the anniversary gala event with special news bulletins and interviews of the MD & CEO, SMC and the MD, SMC EL.

This extensive media coverage helped share key messages of SMC and its milestones with a wider audience. It also highlighted the leadership role of SMC in the field of public health and its strong collaboration with governments and development partners.

Grand Gala Event

SMC celebrated its 50th anniversary with a grand Gala event at the hotel InterContinental Dhaka on January 25, 2025. The glamorous evening brought together distinguished guests, government officials, local and foreign dignitaries, public health professionals, development partners, media representatives, past and present SMC leaders, international partners and employees of SMC to honor five decades of impactful service to public health in Bangladesh.

Nine distinguished speakers addressed the audience at the Gala event including the top leaders of SMC, Government representatives and international guests. They highlighted the key achievements SMC has made over the past 50 years. The Chief Guest, Dr. Salehuddin Ahmed, Honorable Adviser to the Ministry of Finance, Government of Bangladesh, praised the innovations of SMC, its role in improving public health and family planning, and its dedication to serving people across the country. Two former Managing Directors also shared how SMC grew through important changes and became a sustainable business model that supports its social mission.

The Chairman, MD & CEO, and the MD of SMC EL presented crests to distinguished guests, 10 Star Network Providers, and 15 Distributors to recognize their contributions to the success of the organization. The audience enjoyed the dance performance and specially composed theatrical act and theme song for the 50th anniversary of SMC. The evening concluded with a lively musical performance by the popular band group Dalchhut led by renowned vocal artist Mr. Bappa Mazumder. The event also featured a corporate documentary sharing heartfelt testimonies from beneficiaries and partners.

Online Quiz Competition on 50th Anniversary

SMC organized an online quiz competition to engage its customers and followers to commemorate the 50th anniversary of SMC. The event was graced by the MD & CEO of SMC and the MD of SMC-EL along with senior management of both Companies. The prize-giving ceremony was held on March 9, 2025, at the Head office where 50 lucky winners received prizes from senior management of SMC. Winners outside Dhaka received their prizes via courier. The event created excitement during the anniversary of SMC and rewarded its supporters.

Chief Patron: Toslim Uddin Khan, Managing Director & CEO
Editorial Panel: Md. Moshiur Rahman, General Manager, Field Implementation; Ms. Husne Ara, Deputy Manager, Corporate Communication
Layout: Md. Ashfaqul Islam, Assistant Manager, Creative Design, PM & BCC.
Published by: Corporate Communication Department; **Acknowledgements:** All departments of SMC & SMC EL.
Address: SMC Tower, 33 Banani C/A, Road – 17, Dhaka – 1213, Bangladesh; **Telephone:** +88 02 222275073-80, +88 02 222275085-92, **Website:** www.smc-bd.org